# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৮৬

১/ পবিত্রতা (كتاب الطهارة عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ চুম্বনের কারণে উযু না করা।

## باب مَا جَاءَ فِي تَرْكِ الْوُضُوءِ مِنَ الْقُبْلَةِ

আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ، وَهَنَّادٌ، وَأَبُو كُرَيْبٍ وَأَحْمَدُ بْنُ مَنِيعٍ وَمَحْمُودُ بْنُ غَيْلاَنَ وَأَبُو عَمَّارٍ الْحُسَيْنُ بْنُ حُرَيْثٍ قَالُوا حَدَّثَنَا وَكِيعٌ، عَنِ الأَعْمَشِ، عَنْ حَبِيبِ بْنِ أَبِي ثَابِتٍ، عَنْ عُرْوَةَ، عَنْ عَائِشَةَ، أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم قَبَّلَ بَعْضَ نِسَائِهِ ثُمَّ خَرَجَ إِلَى الصَّلاَةِ وَلَمْ يَتَوَضَّأْ . قَالَ قُلْتُ مَنْ هِيَ إِلاَّ أَنْتِ قَالَ فَضَحِكَتْ . قَالَ أَبُو عِيسَى وَقَدْ رُوِيَ نَحْوُ هَذَا عَنْ غَيْرِ وَاحِدٍ مِنْ أَهْلِ الْعِلْمِ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صلى الله عليه وسلم وَالتَّابِعِينَ . وَهُوَ قَوْلُ سُفْيَانَ الثَّوْرِيِّ وَأَهْلِ الْكُوفَةِ قَالُوا لَيْسَ فِي الْقُبْلَةِ وُضُوءٌ . وَقَالَ مَالِكُ بْنُ أَنَسٍ وَالأَوْزَاعِيُّ وَالشَّافِعِيُّ وَأَحْمَدُ وَإِسْحَاقُ فِي الْقُبْلَةِ وُضُوءٌ . وَهُوَ قَوْلُ غَيْرِ وَاحِدٍ مِنْ أَهْلِ الْعِلْمِ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صلى الله عليه وسلم وَالتَّابِعِينَ . وَإِنَّمَا تَرَكَ أَصْحَابُنَا حَدِيثَ عَائِشَةَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم فِي هَذَا لأَنَّهُ لاَ يَصِحُّ عِنْدَهُمْ لِحَالِ الإِسْنَادِ . قَالَ وَسَمِعْتُ أَبَا بَكْرٍ الْعَطَّارَ الْبَصْرِيَّ يَذْكُرُ عَنْ عَلِيِّ بْنِ الْمَدِينِيِّ قَالَ ضَعَّفَ يَحْيَى بْنُ سَعِيدٍ الْقَطَّانُ هَذَا الْحَدِيثَ جِدًّا . وَقَالَ هُوَ شِبْهُ لاَ شَىْءَ . قَالَ وَسَمِعْتُ مُحَمَّدَ بْنَ إِسْمَاعِيلَ يُضَعِّفُ هَذَا الْحَدِيثَ وَقَالَ حَبِيبُ بْنُ أَبِي ثَابِتٍ لَمْ يَسْمَعْ مِنْ عُرْوَةَ . وَقَدْ رُوِيَ عَنْ إِبْرَاهِيمَ التَّيْمِيِّ عَنْ عَائِشَةَ أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم قَبَّلَهَا وَلَمْ يَتَوَضَّأْ . وَهَذَا لاَ يَصِحُّ أَيْضًا . وَلاَ نَعْرِفُ لإِبْرَاهِيمَ التَّيْمِيِّ سَمَاعًا مِنْ عَائِشَةَ . وَلَيْسَ يَصِحُّ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم فِي هَذَا الْبَابِ شَيْءٌ .

বাংলা

৮৬. কুতায়বা, হান্নাদ আবূ কুরায়ব, আহমদ ইবনু মানী, মাহমূদ ইবনু গায়লান, আবূ আম্মার (রহঃ) ...... আয়িশা

রাদিয়াল্লাহু আনহা থেকে বর্ননা করেন যে, রাসূলসাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার জনৈক স্ত্রীকে চুম্বন করলেন এবং সালাতের জন্য বের হয়ে গেলেন; কিন্তু উযূ (ওজু/অজু/অযু) করলেন না। রাবী উরওয়া বললেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর ঐ স্ত্রী আপনি ছাড়া আর কেউ হবেন না। এই কথা শুনে আয়িশা রাদিয়াল্লাহু আনহা হাসলেন। - ইবনু মাজাহ ৫০২, তিরমিজী হাদিস নম্বরঃ ৮৬ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবূ ঈসা তিরমিযী বলেনঃ সাহাবী ও তাবিঈ, আলিম ও ফকীহদের থেকেও অনুরূপ মতামত রয়েছে। সুফইয়ান ছাওরী ও কূফাবাসী ফকীহদের অভিমতও তা-ই। তাঁরা বলেনঃ চুম্বনের কারণে উযূ (ওজু/অজু/অযু) জরূরী নয়। পক্ষান্তরে ইমাম মালিক ইবনু আনাস, আওযাঈ, শাফিঈ, আহমদ ও ইসহাক (রহঃ) বলেন চুম্বনের ক্ষেত্রে উযূ জরূরী। সাহাবী ও তাবিঈদের একধিক আলিম ও ফকীহও এই মত ব্যক্ত করেছেন। এই বিষয়ে আয়িশা রাদিয়াল্লাহু আনহা বর্ণিত উপরের হাদিসটি গ্রহণ না করার কারণ হল, এটি সনদের দিক থেকে সহীহ নয়। আবূ বকার আল-আত্তার আল-বাসরীকে আলী ইবনুল মাদীনীর সূত্রে বলতে শুনেছি যে, ইয়াহইয়া ইবনু সাঈদ আল- কাত্তান এই হাদিসটিকে যঈফ হিসাবে চিহ্নিত করেছেন এবং বলেছেন এটি সন্দেহ পূর্ণ, আর এটি কিছুই নয়। মুহাম্মাদ আল বুখারীকেও এই হাদিসটি যঈফ বলে সিদ্ধান্ত দিতে শুনেছি। তিনি বলেন বর্ণনাকারী হাবীব ইবনু আবী ছাবিত (রহঃ) উরওয়ার নিকট থেকে হাদিস শুনেননি। ইবরাহীম আত-তায়মী (রহঃ) আয়িশা রাদিয়াল্লাহু আনহা সূত্রেও নবী থেকে বর্ণিত আছে যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁকে চুম্বন করেছেন; কিন্তু উযূ করেননি। এই হাদিসটিও সহীহ নয়। কারণ, ইবরাহীম আত-তায়মী (রহঃ) আয়িশা রাদিয়াল্লাহু আনহা থেকে কোন হাদিস শুনেছেন বলে আমরা জানি না। মোট কথা, এই বিষয়ে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে কোন সহীহ হাদিস নেই।

## English

Urwah narrated from Aishah that:
"The Prophet kissed one of his wives, then he went to the prayer and did not perform Wudu." He (Urwah) said: "I said 'Who was it except you?'" [He said:] "So she laughed."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=16409

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন